দৈনিক সংবাদ

তারিখ ... 04 MAY 1995 ...
পৃষ্ঠা ৪ কলাম ৬ ...

০১

## জাতীয় বিশ্ববিদ্যালয়ের প্রতি অনুরোধ

আমি ১৯৯৪ সালে ডিগ্রি পরীক্ষা দিয়েছি। আমাদের রেজাল্ট এখনও বের হয়নি। জানিনা কবে বের হবে। বর্তমানে পরীক্ষায় উত্তীর্ণ হবার যে নিয়ম প্রচলিত আছে তা হল– ১টি অথবা একের অধিক বিষয়ে ফেল করলে আবার তাকে পরবর্তী বছর ১০টি বিষয়েই পরীক্ষায় অংশগ্রহণ করতে হয়। ১টি বিষয়ে ফেল করার জন্য আবার ১০টি বিষয়েই পরীক্ষা দিতে হবে এটা কোন্ নিয়ম? এটা খুবই অন্যায়। পৃথিবীর বেশিরভাগ দেশেই এই নিয়ম নেই। সেখানে যে বিষয়ে ফেল করে, কেবলমাত্র সে বিষয়েই পরীক্ষা নেয়ার ব্যবস্থা করা হয়। তাই জাতীয় বিশ্ব-বিদ্যালয়ের উর্ধ্বতন কর্তৃপক্ষের কাছে আমার অনুরোধ আমরা যারা ১টি বিষয়ে ফেল করব, ঐ একটি বিষয়েই যেন পুনঃপরীক্ষা নেয়ার ব্যবস্থা করা হয়, ১০টি বিষয়ে নয়।

মোঃ রফিক
১৩, গ্রীণ রোড, ফার্মগেট, ঢাকা।